গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে ২৭-০৩-২০১৮ তারিখে অনুষ্ঠেয় মার্চ/২০১৮ মাসের সমন্বয় সভার কার্যপত্র।

সভাপতি : জনাব মো: আসাদুল ইসলাম
সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়।
তারিখ : ২৭ মার্চ/২০১৮
সময় : বেলা- ১১.৩০ ঘটিকা
স্থান : মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫০২, ভবন নং-৭)।

আলোচ্যসূচি	বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত	বর্তমান অবস্থা ও বাস্তবায়নকারী সংস্থা /শাখা/অধিশাখা
(১) গত ২৫-০২-২০১৮ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ।		
(২) জাতীয় যুবনীতি, ২০১৭	(ক) জাতীয় যুবনীতি, ২০১৭ বাস্তবায়নের নিমিত্ত গত ১৭/০১/২০১৮ তারিখে অনুষ্ঠিত স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণীর সাথে কমিটির সকল সদস্যদের নিকট TAPP এর সারসংক্ষেপ প্রেরণের বিষয়ে আলোচনা হয়। সভাপতি, ষ্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের নির্দেশনা প্রদান করেন। TAPP এর সার-সংক্ষেপ দ্রুত ষ্টিয়ারিং কমিটির সদস্যদের নিকট প্রেরণ করতে হবে এবং স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।	TAPP এর সার-সংক্ষেপ ষ্টিয়ারিং কমিটির সদস্যদের নিকট প্রেরণ করা হয়েছে এবং স্টিয়ারিং কমিটির সভার কার্যবিবরণী মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। **যুব-১ শাখা/যুব উন্নয়ন অধিদপ্তর**
(৩) পদসৃষ্টি/ আপগ্রেডেশন ও পদ স্থায়ীকরণ বিষয়ক অগ্রগতি	**যুব উন্নয়ন অধিদপ্তর :**	-
	(১) শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রের রাজস্বখাতে স্থানান্তরিত ৭টি পদের মধ্যে পরিচালক এবং মেডিকেল অফিসার পদায়নের জন্য পুণরায় জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয় ও স্বাস্থ্য সেবা বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	(ক) জনপ্রশাসন মন্ত্রণালয় ও স্বাস্থ্য সেবা বিভাগে যোগাযোগ অব্যাহত রয়েছে। **যুব-১ শাখা/যুব উন্নয়ন অধিদপ্তর।**
	(২) ৫টি প্রকল্প ১ জুলাই ১৯৯৭ এর পরে শুরু হয়েছে বিধায় প্রকল্পের ১৪৭৪ জন জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তরে জটিলতা রয়েছে। প্রকল্পসমূহের জনবল রাজস্বখাতে স্থানান্তর না করলে যুব প্রশিক্ষণ কার্যক্রমের উপর কি ধরণের নেতিবাচক প্রভাব পড়বে এবং যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরিচালিত মোট যুব প্রশিক্ষণের শতকরা কত ভাগ সমাপ্ত উন্নয়ন প্রকল্পের জনবল দ্বারা পরিচালিত হয় তা উল্লেখপূর্বক সার-সংক্ষেপ তৈরী করা হয়েছে। সারসংক্ষেপটি সংশোধনের কাজ চলছে। যুগ্মসচিব জনাব মো: আজিজুল হক সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগে পদ সৃষ্টির জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তবে পদ সৃষ্টি কোন সমাধান নয়। এতে শূন্য পদে আত্মীকরণ করা যাবে। পদোন্নতি পদে আত্মীকরণ করা যাবেনা। এটি স্বয়ংক্রিয়ভাবে স্থানান্তর হওয়া প্রয়োজন। সভাপতি অর্থ বিভাগে পদ সৃজনের কার্যক্রম চলমান থাকা সত্বেও কেন মাননীয় প্রধানমন্ত্রী বরাবর সার-সংক্ষেপ প্রেরণ করা হচ্ছে সে বিষয়টি সার-সংক্ষেপে উল্লেখ করার জন্য নির্দেশনা প্রদান করেন। মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনা পূর্বক দ্রুত সার-সংক্ষেপ মাননীয় প্রধানমন্ত্রীর দপ্তরে প্রেরণ করতে হবে।	(খ) সমাপ্ত ৫টি প্রকল্পে কর্মরত ১৩০২ জনবল স্বয়ংক্রিয়ভাবে রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর জন্য সার-সংক্ষেপ প্রেরণের নিমিত্ত মাননীয় প্রতিমন্ত্রীর সাথে আলোচনা হয়েছে। শীঘ্রই এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে। **যুব-২ অধিশাখা/ যুব উন্নয়ন অধিদপ্তর।**

আলোচ্যসূচি	বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত	বর্তমান অবস্থা ও বাস্তবায়নকারী সংস্থা /শাখা/অধিশাখা
	(গ) জাতীয় ক্রীড়া পরিষদ:	
	মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায়ের প্রেক্ষিতে, জাতীয় ক্রীড়া পরিষদের ২৯টি পদ রাজস্বখাতে স্থানান্তরের নিমিত্ত জনপ্রশাসন মন্ত্রণালয়ের যাচিত তথ্যাদি জাতীয় ক্রীড়া পরিষদ হতে ২৪/০১/২০১৮ তারিখে পাওয়া গিয়েছে। প্রাপ্ত তথ্য পুণরায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণের প্রক্রিয়াধীন । দ্রুত লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগে প্রেরণ করতে হবে।	২৯টি পদ রাজস্বখাতে স্থানান্তরের মতামত প্রদানের জন্য আইন বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। ক্রীড়া-১/ জাতীয় ক্রীড়া পরিষদ
	(ঘ) বিকেএসপিঃ বিকেএসপির বিভিন্ন ক্যাটাগরির ৭৩৮টি পদ সৃজনের লক্ষ্যে গত ২৮/১১/১৭ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা মোতাবেক পুনরায় স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের নিমিত্ত ০৭/০২/২০১৮ তারিখে বিকেএসপি বরাবর তথ্য চেয়ে পত্র দেয়া হয়েছে। দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয়ের যাচিত তথ্য প্রেরণ করতে হবে।	বিকেএসপি হতে এখনও প্রস্তাব পাওয়া যায়নি। **ক্রীড়া-২ শাখা/বিকেএসপি**
৪। শূন্য পদ পূরণ বিষয়ক অগ্রগতি:		
	ক্রীড়া পরিদপ্তর : (ক) **শূন্য পদে জনবল নিয়োগ:** জেলা ক্রীড়া অফিসার এর ২৮টি পদ এবং প্রভাষক এর ২৮টি পদ পূরণের লক্ষ্যে ২৮/০৯/২০১৭ তারিখে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। লিখিত পরীক্ষার উত্তরপত্র নিরীক্ষণের কার্যক্রম শেষ হয়েছে। শীঘ্রই লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশ করা হবে। ক্রীড়া পরিদপ্তরের ১৮টি পদ সৃজনের বিষয়টি বিবেচনার লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় গত ৩০/০১/২০১৮ তারিখে এক সভা আহবান করেছিল । অনিবার্য কারণবশত: সভাটি অনুষ্ঠিত হয়নি। পিএসসির সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের সভায় যুক্তি দিয়ে ১৮টি পদ সৃজনের গুরুত্ব উপস্থাপন করতে হবে।	(ক) লিখিত পরীক্ষার খাতা নিরীক্ষণের কার্যক্রম শেষ হয়েছে। ফলাফল প্রকাশের অপেক্ষায় রয়েছে। ক্রীড়া পরিদপ্তরের ১৮টি পদ সৃজনের বিষয়ে ৩০/০১/২০১৮ তারিখের সভা অনিবার্য কারণবশত: স্থগিত হয়েছে। পরবর্তী সভার তারিখ এখনও হয়নি।
	(খ) **নিয়োগ বিধি সংশোধন প্রস্তাবঃ** ক্রীড়া পরিদপ্তর এবং শারীরিক শিক্ষা কলেজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ সংশোধনী প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী প্রেরণের লক্ষ্যে ০৬/০২/২০১৮ তারিখে ক্রীড়া পরিদপ্তরকে প্রয়োজনীয় তথ্যাদি দাখিলের জন্য অনুরোধ করা হয়েছে। সংশোধিত নিয়োগবিধি দ্রুত জনপ্রশাসন মন্ত্রণালয় এ প্রেরণ করতে হবে।	(খ) ক্রীড়া পরিদপ্তর এবং শারীরিক শিক্ষা কলেজ (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৬ সংশোধনী প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী প্রেরণ না করায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব পুণরায় প্রেরণের লক্ষ্যে ০৬/০২/২০১৮ ইং তারিখে ক্রীড়া পরিদপ্তরকে অনুরোধ করা হয়েছে। **ক্রীড়া-২ অধিশাখা/ ক্রীড়া পরিদপ্তর।**
৫। গুরুত্বপূর্ণ অপেক্ষমাণ বিষয়		
(ক) বিভাগীয় মামলা		
	যুব উন্নয়ন অধিদপ্তর: ফেব্রুয়ারি/২০১৮ মাসে ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির মোট ২৯টি মামলা চলমান রয়েছে। প্রতিমাসে বিভাগীয় মামলার তথ্য প্রেরণের বিষয়ে আলোচনা হয়। সুপ্রীম কোর্টে চলমান মামলা ও বিভাগীয় মামলার তথ্য প্রতিমাসে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	ফেব্রুয়ারি/২০১৮ মাসে ২য়, ৩য় ও ৪র্থ শ্রেণির মোট ২৯টি মামলা চলমান রয়েছে। **যুব-১শাখা/যুব উন্নয়ন অধিদপ্তর।**

আলোচ্যসূচি	বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত	বর্তমান অবস্থা ও বাস্তবায়নকারী সংস্থা /শাখা/অধিশাখা
(খ) অনিষ্পন্ন পেনশন কেইস		
	মন্ত্রণালয়: (১)জনাব মো: আবুল কাশেম ভূঁইয়া, ব্যক্তিগত কর্মকর্তার ১০-০৬-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে এবং জনাব মো: কমর উদ্দিন, ব্যক্তিগত কর্মকর্তার ২২-০১-২০০৯ তারিখে ৮০% আনুতোষিক ভাতা মঞ্জুরী আদেশ জারী করা হয়েছে। তাদের দখলকৃত বাসা জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের নিকট হস্তান্তর না করায় এবং জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের না-দাবী নামা না পাওয়ায় অবশিষ্ট ২০% অর্থ পরিশোধের মাধ্যমে পেনশন কেইস নিষ্পত্তি করা যাচ্ছে না। বিষয়টি নিষ্পত্তি করার জন্য গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে। গত ২৪/০১/২০১৮ তারিখে বিষয়টি টেলিফোনে জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সদস্য (প্রশাসন ও অর্থ) কে জানানো হয়েছিল। জাতীয় গৃহায়ন কর্তপক্ষের সাথে যোগাযোগপূর্বক দ্রুত পেনশন কেস নিস্পত্তি করতে হবে।	(১) গণপূর্ত মন্ত্রণালয় ও জাতীয় গৃহায়ন কর্তৃপক্ষের সাথে যোগাযোগ অব্যাহত রয়েছে।
	(২) বিকেএসপিঃ বিকেএসপিতে পেনশন প্রথা চালুকরণের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের নিমিত্ত বিকেএসপি হতে ২৮-০২-১৮ তারিখে প্রস্তাব পাওয়া গেছে। যে সকল স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীরদের সরকারিভাবে পেনশন প্রদান করা হয় সেগুলির উদাহরণ দিয়ে সম্পূর্ণ সরকারী অর্থে পেনশন প্রথা চালুর জন্য প্রস্তাব প্রস্তুত করতে হবে। বিকেএসপি একটি শিক্ষা প্রতিষ্ঠান। ছাত্র ভর্তি ফি/বেতন ছাড়া অন্য কোন আয় নেই। এসব উল্লেখপূর্বক অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। বিকেএসপি হতে প্রাপ্ত প্রস্তাব যাচাইপূর্বক দ্রুত অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।	(২) বিকেএসপি হতে গত ২২/০২/২০১৮ তারিখে অসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করা হয়েছিল বিধায় ০৬/০৩/২০১৮ তারিখে পুনরায় স্বয়ং-সম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। ক্রীড়া-২ অধিশাখা/বিকেএসপি

(গ) সমীক্ষা/ অডিট আপত্তি	মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার অডিট আপত্তি চিত্র।		(অংকসমূহ হাজার টাকায়)						
			পূর্ববর্তী মাস পর্যন্ত ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির সংখ্যা	জড়িত টাকা	নতুন আপত্তির সংখ্যা	জড়িত টাকা	নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা	ক্রমপুঞ্জিত অনিষ্পন্ন আপত্তির জের	জড়িত টাকা
			১	২	৩	৪	৫	৬	৭
	যুব ও ক্রীড়া মন্ত্রণালয় :	মন্ত্রণালয়	২৭	৬২০০	-	-	-	২৯টি	৫০৩৭১৪
		সমাপ্ত উন্নয়ন -	২	৪৯৭৫১৪					
	যুব উন্নয়ন অধিদপ্তর :	অগ্রিম অনুচ্ছেদ-০৪ টি	৮০	১৬,২১,৩২	-	-	-	৮০	১৬,২১,৩২
		সাধারণ -৭৬ টি							
	ক্রীড়া পরিদপ্তর:		২৫	৫১১০০	-	-	-	২৫	৫১১০০
	বিকেএসপি :	অগ্রিম-১৩ টি	৩২	১৩৯৫০	-	-	-	৩২	১৩৯৫০
		সাধারণ-২১ টি							
	জাতীয় ক্রীড়া পরিষদ:		৫২৪	৩,৯২,৪৯	-	-	-	৫২৪	৩,৯২,৪৯
		মোট=	৬৯০	৭৭০১৪৫	-	-	-	৬৯০	৭৭০১৪৫

বর্তমান অবস্থা: সিভিল অডিট অধিদপ্তর হতে ১৩০ টি নথি গ্রহণের জন্য পত্র পাওয়া গেছে।

(৬) ন্যাশনাল সার্ভিস এর অগ্রগতি:		
যুব উন্নয়ন অধিদপ্তর: প্রশিক্ষণ, ঋণ, ন্যাশনাল সার্ভিস	**ন্যাশনাল সার্ভিস কর্মসূচী বাস্তবায়ন:** ২০১৭-২০১৮ অর্থ বছরে ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পর্বে দারিদ্রের আধিক্য অনুযায়ী সবচেয়ে দারিদ্র্য (উচ্চ থেকে নিম্ন) ১৪টি জেলার ২০টি উপজেলায় এ কর্মসূচি বাস্তবায়নের জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক সভাকে অবহিত করেন, ১ম-৭ম পর্বে সারাদেশে ৩৭ জেলার ১২৮টি উপজেলা এ কর্মসূচীর আওতাধীন রয়েছে। ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর পরিচালক জনাব আবুল হাছান খান সভাকে অবহিত করেন যে, হবিগঞ্জ জেলার আজমেরীগঞ্জ উপজেলার উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা যোগদানকাল পেরিয়ে গেলেও যোগদান না করায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচী ব্যহত হচ্ছে। সভাপতি উক্ত কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেন। প্রশিক্ষণের গুণগত মান নিশ্চিত করতে হবে।	ন্যাশনাল সার্ভিস কর্মসূচির ৫ম পর্বের ২৪টি উপজেলায় ১৪৮৬২ জন উপকারভোগীদের ৩ মাস মেয়াদী মৌলিক প্রশিক্ষণ সমাপ্ত হয়েছে এবং প্রশিক্ষণ শেষে ২ বছর মেয়াদী অস্থায়ী কর্মসংস্থানে সংযুক্তি প্রদান করা হয়েছে। এছাড়া ১০৭৬৭ জনের প্রশিক্ষণ চলমান রয়েছে। ৬ষ্ঠ পর্বের ২০টি **উপজেলায় ১৬৯১২ জনের এবং ৭ম পর্বের ২০টি উপজেলায় ১২৬০০ জনের ১ম ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।** প্রশিক্ষণের গুণগতমান নিশ্চিত করার জন্য অধিদপ্তরের কর্মকর্তাগণ পরিদর্শন অব্যাহত রেখেছেন। **যুব -২ ও যুব উন্নয়ন অধিদপ্তর**
(৭) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন:	(ক) বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর সচিব সভাকে অবহিত করেন যে CSR খাত হতে অর্থ সংগ্রহের প্রক্রিয়া অব্যাহত রয়েছে। এ পর্যন্ত ৬০ লক্ষ টাকা পাওয়া গেছে। ২০১৭-১৮ অর্থ বছরের সংশোধিত বাজেটে ফাউন্ডেশনের কল্যাণ অনুদান খাতে অতিরিক্ত বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। প্রস্তাব অনুযায়ী অতিরিক্ত বরাদ্দ পাওয়া যাবে মর্মে আশা করা যায়। CSR খাত হতে অর্থ সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে।	CSR খাত হতে অর্থ সংগ্রহের প্রচেষ্টা অব্যাহত রয়েছে।
	(খ) **২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান বিতরণ:** ২০১৭-২০১৮ অর্থ বছরে ক্রীড়াসেবীদের অনুদান প্রদান অনলাইনে প্রদানের জন্য আবেদন চেয়ে ১১-০১-২০১৮ তারিখে দুটি দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়েছে। ক্রীড়াসেবীদের অনুদান প্রদান অনলাইনে সম্পাদনের সাথে সংশ্লিষ্টদের গত ১৫-০২-১৮ তারিখে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ক্রীড়াসেবীদের অনলাইনে অনুদান প্রদান যথাসময়ে সম্পাদন করতে হবে।	(খ) অনলাইনে আবেদন গ্রহণ করা হয়েছে। জেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই চলছে।
	(গ) **বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন এর নীতিমালা সংশোধন:** খসড়া নীতিমালা নিয়ে গত ২২-০১-২০১৮ তারিখে সভা হয়েছে। প্রতিবেদন দাখিলের অপেক্ষায় আছে।	(গ) ফাউন্ডেশনের কার্যক্রম বৃদ্ধিকল্পে গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী নীতিমালা হালনাগাদকরণের কাজ চলমান রয়েছে।
	(ঘ) **প্রবিধান ও অগ্রানোগ্রাম প্রণয়ন:** ০৭-০৩-২০১৮ তারিখে এ বিষয়ে সভা আহবান করা হয়েছে।	(ঘ) সাংগঠনিক কাঠামো অনুমোদনের কার্যক্রম চলমান রয়েছে। **ক্রীড়া-১/**বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশন।

(৮) বিবিধঃ		
(ক) তথ্য অধিকার আইন অনুযায়ী প্রাপ্ত আবেদন নিষ্পত্তিকরণ।	তথ্য অধিকার আইন মোতাবেক বিবেচ্য সময়ে কোন আবেদন পাওয়া যায়নি। কোন নাগরিক তথ্য চেয়ে আবেদন করেছেন কিনা তা নিয়মিত তদারকি করতে হবে।	কোন নাগরিক তথ্য চেয়ে আবেদন করেনি। মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা।
(খ) মন্ত্রিসভা-বৈঠকে গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন	(১)National Sports Council (Amendment) Ordinance-1976 এবং National Sports Control Board(Amendment) Ordinance-1978 লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের পরামর্শ মোতাবেক সমন্বিত করে জাতীয় ক্রীড়া পরিষদ আইন-২০১৭ পুনর্গঠন করে ২৮/০১/২০১৮ তারিখে মন্ত্রিপরিষিদ বিভাগে প্রেরণ করা হয়েছে। ২৬-০২-২০১৮ তারিখে অনুষ্ঠেয় মন্ত্রিপরিষদ সভায় এজেন্ডাভূক্ত রয়েছে। মন্ত্রিপরিষদ বিভাগে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (২)মন্ত্রিপরিষদ বিভাগের চাহিদা মোতাবেক বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান আইন, ২০১৭ সকল কাগজপত্রাদিসহ ১৫ সেট ২১/১২/২০১৭ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগে গত ০৫/০২/২০১৮ তারিখে যাচাই/বাছাই কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় যুগ্মসচিব(ক্রীড়া-২) ও উপসচিব (ক্রীড়া) যোগদান করেন। সভায় উক্ত আইনটিতে কিছু সংশোধনী আনার পরামর্শ দেয়া হয়। সে মোতাবেক আইনটি সংশোধন করে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হবে। মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (৩) <u>ই-টেন্ডারিং</u> :- জাতীয় ক্রীড়া পরিষদের ৫টি প্যাকেজের ক্রয়াদেশ হয়েছে। ১২টি প্যাকেজের মূল্যায়ন চলছে এবং ৪টি প্যাকেজ লাইভ সার্ভারে রয়েছে। বিকেএসপিতে e-GP System এ ৩৬ টি ক্রয় আদেশ হয়েছে। ক্রীড়া পরিদপ্তরে ৩টি প্যাকেজে ক্রীড়া সামগ্রী ক্রয়ের জন্য ০৮-০২-২০১৮ তারিখ ই-জিপিতে বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তর হতে ই-জিপিতে ১টি বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। প্রতিমাসে e-GP বাস্তবায়নের বিষয়টি দপ্তর অনুযায়ী পরিসংখ্যানসহ উপস্থাপন করতে হবে।	(১) National Sports Council (Amendment) Ordinance-1976 এবং National Sports Control Board(Amendment) Ordinance-1978 অর্থবিল আকারে অর্থ বিভাগে প্রেরণের কার্যক্রম চলছে। ক্রীড়া-১/জাতীয় ক্রীড়া পরিষদ (২) আইনটি সংশোধন করে পুনরায় মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণর কার্যক্রম চলছে। ক্রীড়া-২/ বিকেএসপি। (৩) জাতীয় ক্রীড়া পরিষদের ৮টি প্যাকেজের ক্রয়াদেশ হয়েছে। ১৩টি প্যাকেজের মূল্যায়ন চলছে এবং ৪টি প্যাকেজ লাইভ সার্ভারে রয়েছে। বিকেএসপিতে e-GP System এ ৩৯ টি ক্রয় আদেশ হয়েছে। ক্রীড়া পরিদপ্তরে ০৮-০২-২০১৮ তারিখ ৩টি প্যাকেজে ক্রীড়া সামগ্রী ক্রয়ের জন্য ই-জিপিতে বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। যুব উন্নয়ন অধিদপ্তর হতে ই-জিপিতে ১টি বিজ্ঞপ্তি দেয়া হয়েছে। মন্ত্রণালয় ও সকল দপ্তর/সংস্থা।

আলোচ্যসূচি	বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত	বর্তমান অবস্থা ও বাস্তবায়নকারী সংস্থা /শাখা/অধিশাখা
(৪) মন্ত্রণালয় এবং সকল দপ্তর /সংস্থায় ইনোভেশন সম্পর্কিত কার্যক্রম এবং ইউনিকোড চালুকরণ	সরকারী সেবা জনবান্ধব করার জন্য মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার সকল সেবা ইনোভেশনের মাধ্যমে সহজীকরণ করার বিষয়ে আলোচনা হয়। জাতীয় ক্রীড়া পরিষদের সচিব সভাকে অবহিত করেন যে, জাতীয় ক্রীড়া পরিষদ হতে স্বাধীন বাংলা ফুটবল দলের খেলোয়াড়দের সম্মানি অনলাইনে প্রদানের লক্ষ্যে কাজ চলছে এবং জাতীয় ক্রীড়া পরিষদ টাওয়ারের প্রবেশ পথে বিভিন্ন অফিসের অবস্থান জানিয়ে ডিজিটাল ডিসপ্লে বোর্ড স্থাপন করা হয়েছে। চলতি অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের ৪টি সেবা সহজীকরণের জন্য উদ্যোগ নেয়া হয়েছে। গত ১১-০২-২০১৮ তারিখে মন্ত্রণালয়ে ইনোভেশন টিমের সভা হয়েছে। মেন্টরিং প্রশিক্ষণ দেয়া হবে। সভাপতি আগামী এপ্রিল এ অনুষ্ঠেয় ক্রীড়া দিবসকে সামনে রেখে দেশে বিদ্যমান খেলার মাঠের পরিসংখ্যান তৈরীর জন্য জাতীয় ক্রীড়া পরিষদ এবং ক্রীড়া পরিদপ্তরকে নির্দেশ দেন। ক্রীড়া দিবসে সকল খেলার মাঠ ব্যবহার উপযোগী করার জন্য প্রয়োজনীয় শ্লোগান সম্বলিত ফেষ্টুন তৈরির বিষয়ে আলোচনা হয়। ক্রীড়া দিবসকে সামনে রেখে যথাযথ প্রস্তুতি গ্রহণ করতে হবে।	চলতি অর্থবছরে যুব উন্নয়ন অধিদপ্তরের ৪টি সেবা সহজীকরণের জন্য উদ্যোগ নেয়া হয়েছে। **মন্ত্রণালয় শাখা/সকল দপ্তর/সংস্থা/আইসিটি**
(৫) মন্ত্রণালয়/ দপ্তর/ সংস্থাসমূহের কার্যক্রম বিষয়ে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তিকরণ ব্যবস্থা (Grievance Redress System) চালুকরণ।	অনলাইন সিস্টেমে কোন অভিযোগ পাওয়া যায়নি তবে যুব উন্নয়ন অধিদপ্তর হতে উর্ধ্বতন কর্তৃপক্ষের সাথে অসদাচরণের একটি অভিযোগ পাওয়া গিয়েছে। যুব-১ শাখা হতে অভিযোগটি নিষ্পত্তির কার্যক্রম চলছে। অভিযোগ পাওয়া গেলে দ্রুত নিষ্পত্তি করতে হবে।	
(৬) জাতীয় ই-সেবা সিস্টেম বাস্তবায়ন	মন্ত্রণালয়ের সকল শাখা, যুব উন্নয়ন অধিদপ্তর, জাতীয় ক্রীড়া পরিষদ ও বিকেএসপিতে ই-নথিতে কার্যক্রম করা হচ্ছে। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনে এটুআই কর্তৃক ই-নথি বাস্তবায়নের প্রশিক্ষণ ও পাসওয়ার্ড প্রদানের পর ই-নথি কার্যক্রম চালু করা হবে। ক্রীড়া পরিদপ্তরে ই-নথিতে অফিস কার্যক্রম শুরু করা হয়েছে। বর্তমানে যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ই-নথি কার্যক্রমে ২৬ তম অবস্থানে রয়েছে। মন্ত্রণালয় ও অধীনস্থ সকল দপ্তর/ সংস্থায় ই-নথিতে দাপ্তরিক কার্যক্রম সম্পাদন করতে হবে । বিষয়টি মন্ত্রণালয় হতে মনিটরিং করতে হবে। মন্ত্রণালয়ের বর্তমান অবস্থানের আরো উন্নতি করতে হবে।	মন্ত্রণালয়ের সকল শাখায় ই-নথিতে কার্যক্রম করা হচ্ছে। যুব উন্নয়ন অধিদপ্তরের কাজগুলো ই-নথিতে সম্পাদন করা হচ্ছে। গত ফেব্রুয়ারি ২০১৮ মাসে যুব উন্নয়ন অধিদপ্তর ই-নথি কার্যক্রমে ১৩তম অবস্থানে ছিল। জাতীয় ক্রীড়া পরিষদে ই-নথিতে কার্যক্রম সম্পাদন করা হচ্ছে। বঙ্গবন্ধু ক্রীড়াসেবী কল্যাণ ফাউন্ডেশনে ই-নথিতে কার্যক্রম চলছে। ক্রীড়া পরিদপ্তরে ই-নথিতে কার্যক্রম শুরু করা হয়েছে। মন্ত্রণায়ের ই-নথিতে কার্যক্রমের অবস্থা অবনতি হয়েছে। **মন্ত্রণালয়/আইটি সেল/ সকল দপ্তর/সংস্থা**
(৭) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-১৮	বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০১৭-২০১৮ অনুযায়ী দু:স্থ ক্রীড়াবিদ ভাতা প্রদান সেবা অনলাইনে সম্পাদনের লক্ষ্যে বিজ্ঞপ্তি প্রকাশিত হয়েছে। নথি বিনষ্ট করণের কাজ চলছে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর অর্ধবার্ষিকি প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করা হয়েছে। জাতীয় ক্রীড়া পরিষদ হতে এখন পর্যন্ত APA বিষয়ে কোন রিপোর্ট পাওয়া যায়নি। সভাপতি জাতীয় ক্রীড়া পরিষদের সচিবকে APA, GRS, NIS এবং অডিট নিস্পত্তির বিষয়ে পরিচালক (সকল)-কে নিয়ে সভা করার নির্দেশনা প্রদান করেন। APA তে বর্ণিত লক্ষ্য অর্জন করতে হবে।	১৫ এপ্রিলের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে ৩য় ত্রৈমাসিক রিপোর্ট প্রেরণ করতে হবে।

আলোচ্যসূচি	বিগত সভার আলোচনা ও সিদ্ধান্ত	বর্তমান অবস্থা ও বাস্তবায়নকারী সংস্থা /শাখা/অধিশাখা
(গ)	মাননীয় প্রতিমন্ত্রী/উপমন্ত্রী এবং সচিব যখন বিদেশ সফর করবেন তখন সে দেশে অবস্থিত বাংলাদেশ মিশনের সাথে যোগাযোগপূর্বক সংশ্লিষ্ট দেশের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সাথে দ্বি-পক্ষীয় সভা আয়োজনের বিষয়ে সভাপতি পরামর্শ প্রদান করেন এবং সভা হলে একটি প্রতিবেদন পেশের জন্য নির্দেশনা প্রদান করেন। বিদেশ ভ্রমণ বা অভ্যন্তরীণ প্রশিক্ষণ গ্রহণের পর সংশ্লিষ্ট কর্মকর্তা লব্ধ জ্ঞান সমন্বয় সভায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টশনের মাধ্যমে উপস্থাপন করবেন। জাপান সফরের বিষয়ে জনাব তৌফিক ইমাম, সিনিয়র সহকারী সচিব তাঁর অভিজ্ঞতা ও করণীয় বিষয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেছেন। কর্মকর্তাগণ বিদেশ ভ্রমণ বা দেশে কোন প্রশিক্ষণ গ্রহণ করলে সমন্বয় সভায় পাওয়ার পয়েন্ট, প্রেজেন্টেশনের মাধ্যমে তা উপস্থাপন করতে হবে।	
(ঘ)	সভাপতি সভার নোটিশ এবং কার্যবিবরণী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ওয়েব সাইটে এবং গ্রুপমেইলে প্রেরণ করার জন্য নির্দেশ দেন। সভার নোটিশ, কার্যপত্র এবং কার্যবিবরণী গ্রুপ মেইল এবং ওয়েব সাইটে প্রকাশ করতে হবে।	সভার নোটিশ এবং কার্যবিবরণী গ্রুপ মেইল এবং ওয়েব সাইটে দেয়া হচ্ছে।